

পাঠ ১৬

রাজুর আঁকা ছবি



শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা

পাঠ অনুশীলনের মধ্য দিয়ে আমি যে যোগ্যতা অর্জন করব—

- ছবি, চিত্র বা ছবি দেখে বর্ণনামূলক ও তথ্যমূলক রচনার পাঠ শুনে বুঝতে পারব ও সংশ্লিষ্ট সহজ প্রশ্ন বুঝতে পারা।
- ছবি, চিত্র বা ছবি দেখে বর্ণনামূলক ও তথ্যমূলক ইত্যাদি রচনার বিষয় বুঝে বলতে পারা।

পাঠের শিখনফল

- ৩.১.৪ ছবি বা চিত্র দেখে/বর্ণনা শুনে বিষয় সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দিতে পারব।
- ৭.১.১ ছবি বা চিত্র দেখে স্পষ্টভাবে বর্ণনা করতে পারব।
- ১৪.১.১ নিকট পরিবেশ সম্পর্কে বাক্য লিখতে পারব।
- ১৪.১.২ নির্দেশনা অনুসারে বাক্য লিখতে পারব।

বানান সতর্কতা

নিচের শব্দগুলোর সঠিক বানান জেনে নিই—

আঁকা	এঁকেছে
ছবি	উড়ছে

ধারাবাহিক মূল্যায়ন

পাঠ্যবই ও শিক্ষক

সহায়িকার সূত্র সংবলিত

প্রিয় শিক্ষার্থী বন্ধুরা, এ পাঠে তোমাদের শিখনযোগ্যতা কতটা অর্জিত হয়েছে তা যাচাইয়ের জন্য পাঠ্যবইয়ের অ্যাক্টিভিটি ও নমুনা প্রশ্নোত্তর এখানে দেওয়া হলো। তথ্যসূত্র সংবলিত পাঠগুলো তোমাদের ধারাবাহিক/শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়নে সহায়ক ভূমিকা পালন করবে।

পাঠ্যবইয়ের অনুশীলনীর প্রশ্ন ও উত্তর



চলো, পারি কি না দেখি

রাজু একটি ছবি এঁকেছে। দেখি ছবিতে সে কী কী এঁকেছে।

▶ পাঠ্যবই, পৃষ্ঠা ৩৩



রাজুর আঁকা ছবি দেখে বাক্য লিখি

১. পাখি উড়ছে।

২. _____

৩. _____


৪. _____

৫. _____

উত্তর :

১. পাখি উড়ছে।
২. নদীতে নৌকা চলছে। নৌকায় কয়েকজন যাত্রী রয়েছে।
৩. বড়শি দিয়ে নদীতে একজন মাছ ধরছে।
৪. নদীর পাড়ে মানুষ ও অন্যান্য প্রাণী যাতায়াত করছে।
৫. নদীর দুই পাড়ে ঘর-বাড়ি ও গাছপালা আছে।


মূল্যায়ন নির্দেশনা অনুসরণে বিশেষ পাঠ

শোনা  শিক্ষকের নিকট শুনে লিখি

প্রশ্ন ১. ছবি আঁকতে কী কী উপকরণ লাগে শিক্ষকের কাছে শুনে লেখ।

উত্তর : ছবি আঁকার উপকরণ :

- ক. রঙিন কাগজ।
- খ. পেনসিল, রং পেনসিল ও কলম
- গ. বিভিন্ন মাধ্যমের রং যেমন— তেল রং, জল রং, পোস্টার রং।
- ঘ. বোর্ড।
- ঙ. ক্যানভাস।
- চ. তুলি ইত্যাদি।

বলা  শিক্ষকের প্রশ্নের উত্তর বলি

প্রশ্ন ২. ছবি আঁকতে তোমার কেমন লাগে?

▶ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১১৯

উত্তর : ছবি আঁকতে আমার ভীষণ ভালো লাগে।

প্রশ্ন ৩. কীসের ছবি আঁকতে ভালো লাগে?

▶ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১১৯

উত্তর : পশু-পাখির ছবি আঁকতে ভালো লাগে।

প্রশ্ন ৪. আকাশে কী উড়ছে?

▶ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১২০

উত্তর : আকাশে পাখি উড়ছে।

প্রশ্ন ৫. নৌকায় কী আছে? নৌকা দিয়ে কী করা হচ্ছে?

▶ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১২১


উত্তর : নৌকায় মানুষজন আছে। নৌকা দিয়ে মানুষ পারাপার হচ্ছে।

প্রশ্ন ৬. মাছ কীভাবে ধরা হচ্ছে?

▶ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১২১

উত্তর : মাছ বড়শি দিয়ে ধরা হচ্ছে।

সেরা প্রস্তুতির জন্য শিখে নিই


পড়া  নিচের প্রশ্নগুলোর উত্তর দিই

প্রশ্ন ৭. নিচের ছবি সম্পর্কে লেখ।



▶ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১২১

উত্তর : ছবিতে একটি নদী বয়ে চলার দৃশ্য দেখা যাচ্ছে। নদীতে নৌকা চলছে এবং নদীর দুধারে ঘর-বাড়ি ও গাছপালা দেখা যাচ্ছে।

লেখা  নিচের প্রশ্নগুলোর উত্তর লিখি

প্রশ্ন ৮. নিচের ছবি সম্পর্কে লেখ।



উত্তর : ছবিতে যা আছে—

- ক. ছবিতে একটি শাপলা ফুল দেখা যাচ্ছে। শাপলা আমাদের জাতীয় ফুল।
- খ. বিলে-বাঁওড়ে শাপলা ফুলের পাশাপাশি মাছও আছে।

শিক্ষক/ অভিভাবক কর্তৃক মূল্যায়ন নির্দেশনা ছকের আলোকে শিক্ষার্থীর অগ্রগতি যাচাই

শিক্ষার্থীর শিখন/ পাঠ সম্পন্ন হওয়ার পর শিক্ষক/ অভিভাবকগণ নিচের 'পাঠোত্তর মূল্যায়ন ও নির্দেশনা ছক' ব্যবহার করে মূল্যায়নের জন্য প্রযোজ্য স্থানে টিক চিহ্ন (✓) প্রদান করে অগ্রগতি যাচাই করবেন। কোনো শিখনযোগ্যতা/নির্দেশকের ক্ষেত্রে অগ্রগতি সন্তোষজনক না হলে তা পুনরায় অনুশীলনের উদ্যোগ নিতে হবে।

মূল্যায়ন ক্ষেত্র	শিখনযোগ্যতা/ নির্দেশক	প্রারম্ভিক	ভালো	উত্তম
জ্ঞান	ছবি উপাদানের নাম বলতে পেরেছে।			
দক্ষতা	ছবি দেখে স্পষ্টভাবে বর্ণনা করতে পেরেছে।			
	ছবি দেখে শব্দ লিখতে পেরেছে।			
	ছবি দেখে বাক্য লিখতে পেরেছে।			
	ছবি দেখে গল্প বলতে পেরেছে।			
মূল্যবোধ ও দৃষ্টিভঙ্গি	কাজগুলো আগ্রহের সাথে করেছে।			

ধারাবাহিক/ শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়ন নিজেকে মূল্যায়ন করি

তারিখ :

ধারাবাহিক মূল্যায়ন

সময় :

শিক্ষার্থীর নাম :

শ্রেণি :

রোল নম্বর :

১। ছবিতে কী কী ঠেকেছে সে সম্পর্কে লেখ।



ক. পাখি উড়ছে।

খ. _____

গ. _____

ঘ. _____

ঙ. _____

২। নিচের ছবি সম্পর্কে লেখো।



উত্তরমালা

১▶ ক. পাখি উড়ছে।

খ. নদীতে নৌকা চলছে। নৌকায় কয়েকজন যাত্রী রয়েছে।

গ. বড়শি দিয়ে নদী থেকে একজন মাছ ধরছে।

ঘ. নদীর পাড়ে মানুষ ও অন্যান্য প্রাণী যাতায়াত করছে।

ঙ. নদীর দুই পাড়ে ঘর-বাড়ি ও গাছপালা আছে।

২▶ ছবিতে যা আছে—

ক. ছবিতে একটি শাপলা ফুল দেখা যাচ্ছে। শাপলা আমাদের জাতীয় ফুল।

খ. বিলে-বাঁওড়ে শাপলা ফুলের পাশাপাশি মাছও আছে।

মূল্যায়ন রিপোর্ট ▶

প্রাপ্ত নম্বর শিখনের অর্জিত যাত্রা